

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৪০

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১) আযান দেয়ার প্রতি উদ্বুদ্ধকরণ ও আযানের ফযীলতের বর্ণনা

الترغيب في الأذان وما جاء في فضله

আরবী

(صحيح) وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا نُودِيَ بِالصَّلَاةِ أَدْبَرَ الشَّيْطَانُ وَلَهُ ضُرَاطٌ حَتَّى لَا يَسْمَعَ التَّأْذِينَ فَإِذَا قُضِيَ النِّدَاءُ إِذَا نُودِيَ بِالصَّلَاةِ أَدْبَرَ حَتَّى إِذَا قُضِيَ التَّنُويِبُ أَقْبَلَ حَتَّى يَخْطُرَ بَيْنَ الْمَرْءِ أَقْبَلَ حَتَّى إِذَا ثُويِبُ أَقْبَلَ حَتَّى يَخْطُرَ بَيْنَ الْمَرْءِ وَنَفْسِهِ وَيَقُولُ اذْكُرْ كَذَا اذْكُرْ كَذَا لِمَا لَمْ يَكُنْ يَذْكُرُ حَتَّى يَضِلَّ الرَّجُلُ أَنْ يَدْرِيَ كَمْ صَلَّى . رواه مالك والبخاري ومسلم وأبو داود والنسائي

বাংলা

২৪০. (সহীহ) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "সালাতের জন্য যখন আযান দেয়া হয়, তখন শয়তান বায়ুনিঃসরণ করতে করতে এতদূর পলায়ন করে, যখন সে আর আযানের শব্দ শুনতে পায় না। আযান শেষ হলে আবার ফিরে আসে। যখন সালাতের একামত দেয়া হয়, তখন আবার সে পলায়ন করে, একামত শেষ হলে পুনরায় প্রত্যাবর্তন করে এবং মুসল্লীর অন্তরে কুমন্ত্রণা দিতে থাকে; বলেঃ উমুক বিষয় স্মরণ কর, উমুক জিনিসটা মনে কর- যা ইতিপূর্বে তার মনে ছিল না। শেষে এমন হয়ে যায় যে, মানুষ বুঝতে পারে না, কত রাকআত সালাত আদায় করেছে।"

(হাদীছটি বর্ণনা করেছেন মালেক ১/৬৯, বুখারী ৬০৮, মুসলিম ৩৮৯, আবু দাউদ ৫১৬ ও নাসাঈ ২/২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন